# সাতক্ষীরায় এমপি গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রী মরিয়মের দাফন সম্পন্ন



ছবি: সংগৃহীত

সাতক্ষীরার শ্যামনগর উপজেলার গাবুরা ইউনিয়নে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রী মরিয়ম খাতুনকে।
সোমবার (২১ সেপ্টেম্বর) রাত ১২টা ৪৫ মিনিটে ধর্মীয় রীতি অনুযায়ী জানাজা শেষে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।
পারিবারিক সূত্র জানায়, মরিয়মের মরদেহ নিয়ে স্বজনরা সোমবার রাত আনুমানিক ১২টার দিকে সড়কপথে ঢাকা থেকে গাবুরায় পৌঁছান। এর আগেই স্থানীয়ভাবে তার দাফনের জন্য কবর প্রস্তুত করে রাখা হয়েছিল।
পরে মরদেহ গোসল করানো হয় এবং জানাজা শেষে রাত পৌনে একটার দিকে তাকে পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়।
দাফন ও জানাজায় মরিয়ম খাতুনের পরিবারের সদস্য ও নিকটাত্মীয়রা উপস্থিত ছিলেন। এ সময় স্থানীয় বিপুলসংখ্যক গ্রামবাসী এবং পুলিশ প্রশাসনের সদস্যরাও সেখানে ছিলেন।

LENS ASIA